



বাংলাদেশ জাতীয়তাবাদী দল

কেন্দ্রীয় কার্যালয়ঃ ২৮/১, নয়াপট্টন, ভি আই পি রোড, ঢাকা-১০০০ | ফোনঃ ৯৩৬১০৬৪ ফ্যাক্সঃ ৮৩১৮৬৮৭ E-mail: bnpcentral@gmail.com
চেয়ারপার্সনের কার্যালয়ঃ বাসা নং-০৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা-১২১২ | ফোনঃ ৯৮৮৩৪৬২ ফ্যাক্সঃ ৯৮৮৩৪৫২ E-mail: bnpcpo@gmail.com

তারিখঃ ২০ নভেম্বর ২০২৪

**সশন্ত্ব বাহিনী দিবস উপলক্ষে বিএনপি'র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমান নিম্নোক্ত
বাণী দিয়েছেন :-**

বাণী

“সশন্ত্ব বাহিনী দিবস উপলক্ষে আমি বাংলাদেশ সেনা, নৌ ও বিমান বাহিনীর সকল সদস্যকে জানাই
আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। সশন্ত্ব বাহিনীর সকল সদস্য ও তাদের পরিবারের অব্যাহত সুখ, শান্তি ও
সমৃদ্ধি কামনা করি। এ দিনে সশন্ত্ব বাহিনীর উত্তরোত্তর উন্নতি ও অগ্রগতি কামনা করি এবং স্বাধীনতা যুদ্ধে
সশন্ত্ব বাহিনীর শহীদদের রূহের মাগফিরাত কামনা করি।

সশন্ত্ব বাহিনী সাহস, শৌর্য এবং শৃঙ্খলা দিয়ে তৈরী জাতির এক গর্বিত প্রতিষ্ঠান। আমাদের মহান মুক্তিযুদ্ধে
এই বাহিনীর গৌরবোজ্জল ভূমিকা ইতিহাসের এক সোনালী অধ্যায়। আমাদের স্বাধীনতা-সার্বভৌমত্ব ও
ভৌগলিক অখণ্ডত্ব রক্ষায় সশন্ত্ব বাহিনীর দেশপ্রেমিক সদস্যগণ অতন্ত্র প্রহরীর ভূমিকা পালন করে চলেছে।
বিশ্বশান্তি রক্ষায়ও তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা অগ্রগণ্য। জাতিসংঘ শান্তি রক্ষা বাহিনীতে কর্মরত আমাদের
সশন্ত্ব বাহিনীর সদস্যগণ কর্মদক্ষতা ও উচুমানের পেশাদারিত্বের পরিচয় দিয়ে দেশের সুনাম বয়ে আনছে।
দেশের সকল প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলায় সশন্ত্ব বাহিনী বলিষ্ঠ ভূমিকা রেখে আজ জাতির আস্থার প্রতীকে
পরিণত হয়েছে।

স্বাধীনতার ঘোষক সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়াউর রহমান বাংলাদেশ সশন্ত্ব বাহিনীকে পরিবর্তনশীল বিশ্বের
সাথে সংগতি রেখে একটি আধুনিক, গতিশীল ও দক্ষ পেশাদার বাহিনী হিসেবে গড়ে তোলার লক্ষ্যে
ব্যাপক কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন করেছিলেন। আজকের দিনে আমি তাঁর স্মৃতির প্রতি জানাই গভীর
শ্রদ্ধা। আমি বিন্দু শ্রদ্ধায় স্মরণ করছি মুক্তিযুদ্ধে নিজের জীবনদানকারি বীরশ্রেষ্ঠ সিপাহী মোস্তফা কামাল,
বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর, বীরশ্রেষ্ঠ সিপাহী হামিদুর রহমান, বীরশ্রেষ্ঠ রঞ্জল আমিন, বীরশ্রেষ্ঠ
ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান, বীরশ্রেষ্ঠ ল্যাঙ্গ নায়েক নুর মোহাম্মদ শেখ ও বীরশ্রেষ্ঠ ল্যাঙ্গ নায়েক
মুসী আব্দুর রউফকে। সাবেক রাষ্ট্রপতি শহীদ জিয়ার সময় থেকেই বাংলাদেশের সশন্ত্ব বাহিনী সুশৃঙ্খল,
ক্ষিপ্র ও সদা তৎপর এক আধুনিক বাহিনীতে পরিণত হয়, যা বিশ্বের যেকোন আধুনিক রাষ্ট্রের সেনাবাহিনীর
সমকক্ষ। পরবর্তীতে বিএনপি সরকারে থাকতে সশন্ত্ব বাহিনীকে শহীদ জিয়ার গৃহিত কর্মসূচির ধারাবাহিক
বাস্তবায়নের অগ্রগতি সাধিত করে এই বাহিনীকে আরো আধুনিকায়ন ও একে শক্তিশালী করে গড়ে তুলতে
সর্বাত্মক চেষ্টা চালানো হয়েছে। ভবিষ্যতেও আমাদের এ প্রয়াস অব্যাহত থাকবে।

আমি সশন্ত্ব বাহিনী দিবসের সকল কর্মসূচির সার্বিক সাফল্য কামনা করি।

আল্লাহ হাফেজ, বাংলাদেশ জিন্দাবাদ।”

(অ্যাডভোকেট রঞ্জল কবির রিজিটী)

সিনিয়র যুগ্ম মহাসচিব

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি।